সার্ক ইন্টারন্যাশনাল স্কুলে অভিভাবক সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

চেম্বার ডেস্ক ::সার্ক ইন্টারন্যাশনাল স্কুল বাংলাদেশ শাহপরান ক্যাম্পাসের আয়োজনে ২য় সেমিস্টার ও প্রাক নির্বাচনী পরীক্ষার ফলাফল, পুরস্কার বিতরণী ও অভিভাবক সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৩ সেপ্টেম্বর) স্কুল ক্যাম্পাসে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রতিষ্ঠান প্রধান মোঃ সুফিয়ানের সভাপতিত্বে এবং স্কুলের সহকারী শিক্ষিকা ফারিহা আফরিন ও আফরোজ আনজুমের যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন স্কুলের ব্যবস্থাপনা পরিচালক এবং প্রাইভেট স্কুল এসোসিয়েশন সিলেটের সভাপতি রোটারিয়ান অধ্যক্ষ মোহাম্মদ মহি উদ্দিন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন স্কুলের পরিচালক (মার্কেটিং) মোঃ জাকির হোসেন, অভিভাবক সদস্য মোঃ জালাল উদ্দীন।

প্রধান অতিথি'র বক্তব্যে রোটারিয়ান অধ্যক্ষ মোহাম্মদ মহি উদ্দিন বলেন,'শুধু ভালো ফলাফল করার দিকে নজর না দিয়ে শিক্ষার্থীদের উত্তম চরিত্র ও মনুষ্যত্বের দিকে মনোযোগ দিতে হবে। আমরা চাই সুশিক্ষিত ভালো মানুষ। যারা ভালো রেজাল্ট করেছে তাদের প্রতি অভিনন্দন ও শুভেচ্ছা রইলো। সেই সাথে সবার জন্য শুভ কামনা রইল। যারা ভালো রেজাল্ট করতে পার নি, তারা মন খারাপ করবে না। মন দিয়ে পড়াশোনা করবে এবং আগামী পরীক্ষায় আরও ভাল করার চেষ্টা করতে হবে।'

সার্ক ইন্টারন্যাশনাল স্কুল বাংলাদেশ শ্রেণিকক্ষে কঠিন বিষয়গুলো খুব সহজে প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করা হয়। ২০১০ সাল থেকে এ যাবৎ পর্যন্ত পিইসি, জেএসসি ও এসএসসি পরীক্ষায় A+ সহ ঈর্ষণীয় সাফল্য অর্জন করেছে।

[illegible]